দৈনিক জনকণ্ঠ

তারিখ ২০ MAY 2015
পৃষ্ঠা ৬ কলাম ২

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সেবা পরিদপ্তর
## ইস্পাহানি ভবন
## ১৪/১৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
## ঢাকা-১০০০.

স্মারক সংখ্যা: ডিএনএস/শা-৩/৪টি-৫৪/২০১৫/২৬৪৮ তারিখ : ১৯/০৫/২০১৫খ্রি:

**বিএসসি ইন নার্সিং/ বিএসসি ইন পাবলিক হেল্থ নার্সিং (পোষ্ট বেসিক) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সেবা পরিদপ্তরের আওতাধীন কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম ও বগুড়া নার্সিং কলেজ, বগুড়া-এ ০৩ (তিন)টি নার্সিং কলেজে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী বিএসসি ইন নার্সিং/ বিএসসি ইন পাবলিক হেল্থ নার্সিং (পোষ্ট বেসিক) কোর্সে ছাত্র- ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | কলেজের নাম | কোর্সের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা | বিএসসি ইন নার্সিং/ পাবলিক হেল্থ নার্সিং | ক) মোট আসন সংখ্যা ১২৫<br>খ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ১১৫(পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২ জন নির্বাচন করা হবে)।<br>গ) বিদেশী প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ০৫<br>ঘ) বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ০৫ জনের মধ্যে ০১জনের বেশী পুরুষ প্রার্থী ভর্তি করা হবে না।<br>ঙ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী নির্বাচন করা হবে। |
| ২ | বগুড়া নার্সিং কলেজ, বগুড়া | বিএসসি ইন নার্সিং/ পাবলিক হেল্থ নার্সিং | ক) মোট আসন সংখ্যা ১২৫<br>খ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ১২০(পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২ জন নির্বাচন করা হবে)।<br>গ) বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ০৫ জনের মধ্যে ০১ জনের বেশী পুরুষ প্রার্থী ভর্তি করা হবে না।<br>ঘ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী নির্বাচন করা হবে। |
| ৩ | ফৌজদারহাট নার্সিং কলেজ, ফৌজদারহাট, চট্টগ্রাম | বিএসসি ইন নার্সিং/ পাবলিক হেল্থ নার্সিং | ক) মোট আসন সংখ্যা ১২৫<br>খ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ১২০ (পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২ জন নির্বাচন করা হবে)।<br>গ) বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসন সংখ্যা ০৫ জনের মধ্যে ০১ জনের বেশী পুরুষ প্রার্থী ভর্তি করা হবে না।<br>ঘ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী নির্বাচন করা হবে। |

২. **ভর্তির জন্য প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :-**

বাংলাদেশী প্রার্থীঃ-

ক. প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
খ. এসএসসি বা সমমানের / এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাস;
গ. ডিপ্লোমা ইন নার্সিং ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারী বা সমমান/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী পাস;
ঘ. বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে হালনাগাদ রেজিষ্ট্রেশন প্রাপ্ত;
ঙ. সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের উক্ত কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিনিয়র স্টাফ নার্স/ ষ্টাফ নার্স পদে কমপক্ষে ০২ (দুই) বছরের সরকারি চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যায়নপত্র আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে। বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে চাকরির অভিজ্ঞতা শিথিলযোগ্য।
চ. প্রকল্পে কর্মরত প্রার্থীগণ বেসরকারী প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন;
৭ উপযুক্ত চিকিৎসক (ন্যূনতম কনসালটেন্ট) সিভিল সার্জন বা সমমান /আর পি/আরএস অথবা সম পদমর্যাদা সম্পন্ন চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র জমা দিতে হবে।

৩. বিদেশী প্রার্থীঃ-

ক. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাস;
খ. ডিপ্লোমা ইন নার্সিং পাস;
গ. সংশ্লিষ্ট দেশের নার্সিং কাউন্সিল থেকে হালনাগাদ রেজিষ্ট্রেশন প্রাপ্ত;
ঘ. ডিপ্লোমা ইন নার্সিং পাসের পর সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে;
ঙ. উপযুক্ত চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র;
চ. বিদেশী প্রার্থীদের সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে আবেদন করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত বিদেশী প্রার্থীদের একটি কমিটির মাধ্যমে মূল্যায়ন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনোত্তর সংশ্লিষ্ট নার্সিং কলেজে ভর্তি করা হবে।

৪. প্রার্থী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সে কলেজ থেকে আবেদনপত্র সংগ্রহ ও তা পূরণ করে ঐ কলেজেই জমা দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রার্থী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সে কলেজের আসন সংখ্যা অপেক্ষা নির্বাচিত প্রার্থী বেশী হলে অন্য কলেজে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

৫. নির্বাহী কমিটি কর্তৃক মনোনয়নকৃত কর্মকর্তা/ শিক্ষকমন্ডলী ভর্তির বিজ্ঞপ্তিতে উল্লেখিত নীতিমালা অনুযায়ী আবেদনপত্র যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করার পর সেবা পরিদপ্তর থেকে প্রবেশপত্র ইস্যু করা হবে। কোন প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হলে কারণসহ সংশ্লিষ্ট নার্সিং কলেজ থেকে প্রার্থীকে নির্দিষ্ট সময়ের মধ্যে জানিয়ে দেওয়া হবে।

৬. নগদ ১০০ (একশত) টাকা প্রদান করে (অফেরৎযোগ্য) সংশ্লিষ্ট নার্সিং কলেজ থেকে ১৪/০৬/২০১৫ থেকে ২৩/০৬/২০১৫খ্রি:তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

৭. আবেদনপত্র নিজ হাতে পূরণ করে ২৫/০৬/২০১৫ থেকে ২৮/০৬/২০১৫খ্রি:তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নার্সিং কলেজে জমা দিতে হবে।

৮. আবেদনপত্রের সংগে প্রার্থীর যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সভাপতি, বিএসসি ইন নার্সিং/বিএসসি ইন পাবলিক হেল্থ নার্সিং কোর্সের ছাত্র-ছাত্রী বাছাই সংক্রান্ত নির্বাহী কমিটি, চলতি হিসাব নম্বর-১০৫৬৩ অগ্রণী ব্যাংক, বি-ওয়াপদা শাখা, ঢাকার অনুকূলে ২০০/- (দুইশত) টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার /ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

৯. ছবিতে প্রার্থীর নাম লেখা থাকতে হবে। সকল সনদপত্র ও ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে (সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থলের নাম উল্লেখসহ সীল থাকতে হবে) জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হবে।

১০. প্রার্থীকে ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা এ জাতীয় কোন যন্ত্রপাতি সঙ্গে আনা যাবে না। শুধুমাত্র পেন্সিল, কলম, রাবার, স্কেল ইত্যাদি সঙ্গে আনা যাবে।

১১. SIF ফরম পূরনের ক্ষেত্রে বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

১২. চাকুরীরত প্রার্থীদের স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩. নির্বাচিত প্রার্থী কলেজে অধ্যয়নকালে কোন প্রকার চাকুরী, প্রশিক্ষণ বা অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবে না।

১৪. স্থানীয় কর্তৃপক্ষ নির্বাচিত সরকারী প্রার্থীদের প্রেষণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেবা পরিদপ্তরে প্রেরণ করবেন।

১৫. অধ্যয়নকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজের নিয়ম মোতাবেক ছুটি ভোগ করতে পারবে।

১৬. ভর্তিকালীন সময়ে প্রার্থীর দেওয়া কোন তথ্য ভুল প্রমাণিত হলে বা কলেজের শৃঙ্খলা পরিপন্থি কোন কাজে লিপ্ত হলে প্রশিক্ষণ বাতিল বলে গণ্য হবে।

১৭. নির্বাচিত পুরুষ প্রার্থীদের নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করতে হবে। কলেজের ছাত্রী নিবাসে আবাসন সংকুলান না হলে ছাত্রীদেরও নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করতে হবে।

১৮. প্রবেশপত্র সংগ্রহের তারিখ : ২০/০৭/২০১৫ থেকে ২৩/০৭/২০১৫খ্রি: তারিখ (অফিস চলাকালীন সময়)
পরীক্ষার তারিখঃ ২৪/০৭/২০১৫খ্রি:

১৯. এ বিজ্ঞপ্তি সেবা পরিদপ্তরের ওয়েবসাইট www.dns.gov.bd এ পাওয়া যাবে।

(নিলুফার ফরহাদ)
উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত)
সেবা পরিদপ্তর, ঢাকা
সদস্য সচিব, ছাত্র-ছাত্রী বাছাই সংক্রান্ত নির্বাহী কমিটি.

এসি-১১৭৭/১৫ (১৫X৩)